4

তারিখ 20 NOV 1996
পৃষ্ঠা 2 কলাম 6

দৈনিক বাংলা

# সপ্তদশ বিসিএস ঃ প্রিলিমিনারীতে ২২৪৪৫ জন প্রার্থী কৃতকার্য

গত ১৫ সেপ্টেম্বর অনুষ্ঠিত ১৭তম বিসিএস পরীক্ষা ১৯৯৫-৯৬-এর প্রিলিমিনারী টেস্টে অংশগ্রহণকারীদের মধ্যে ২২৪৪৫ জন প্রার্থী ১৭তম বিসিএস লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য সাময়িকভাবে যোগ্য বলে বিবেচিত হয়েছেন। খবর তথ্য বিবরণীর।

লিখিত পরীক্ষা ১৯৯৬ সালের ফেব্রুয়ারী মাসের শেষ সপ্তাহে শুরু হতে পারে। সঠিক তারিখ ও সময়সূচী যথাসময়ে খবরের কাগজের মাধ্যমে জানানো হবে এবং প্রার্থীদের নামে যথাসময়ে ডাকযোগে লিখিত পরীক্ষার

(৮-এর পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) **বিসিএস**

প্রবেশপত্র পাঠানো হবে। লন্ডন কেন্দ্রের যোগ্য ১৪ জন প্রার্থীর ফলাফল তাদেরকে ডাকযোগে জানানো হবে।

১৭তম বিসিএস-এর প্রিলিমিনারী টেস্টের উত্তরপত্রে ০০৪৪০ রেজিস্ট্রেশন নম্বর উল্লেখকারী প্রার্থীকে প্রবেশপত্রসহ শীঘ্র কমিশনের সঙ্গে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়েছে।

**সহকারী থানা শিক্ষা অফিসার বাছাই পরীক্ষা**

প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের অধীন প্রাথমিক শিক্ষা অধিদফতরের সহকারী থানা শিক্ষা অফিসার পদের প্রার্থীদের বাছাই পরীক্ষা আগামী ২৪ নবেম্বর শুক্রবার সকাল ৮-৪৫ মিনিটে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা সদর দফতরের বিভিন্ন হলে অনুষ্ঠিত হবে। যোগ্য প্রার্থীদের নামে ডাকযোগে প্রবেশপত্র প্রেরণ করা হয়েছে।